

ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে সেমিনার

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে যেসব 'মা-বোন' নির্যাতিত হয়েছিলেন তাঁদের কেউ কেউ আইনগত বিচার পেলেও এখনও সামাজিক ন্যায়বিচার পাননি অনেকে। আর সেজন্যই বেশির ভাগ বীরান্ননা মুক্তিযোদ্ধা তাঁদের ত্যাগের কথা প্রকাশ করেন না। এমনকি স্বাধীনতার এত বছর পরও তাঁদের বিশেষ কোন ধরনের প্রণোদনা দেয়ার ব্যবস্থা হয়নি। আর তাই বীরান্ননা মুক্তিযোদ্ধাদের এসব নানান আক্ষেপকে তুলে ধরতে গবেষণা করবেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর ড. তুরিন আফরোজ।

বৃহস্পতিবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র (সিআরটি) আয়োজিত গবেষণা প্রস্তাবনা সেমিনারে এসব তথ্য জানানো হয়। সেমিনারে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এবং সিআরটির চেয়ারপার্সন অধ্যাপক ড. রফিকুল হুদা চৌধুরী। বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিনী, বীরান্ননা পুনর্বাসনকারী ও সংগঠক মালেকা খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহযোগী অধ্যাপক শেখ হাফিজুর রহমান কর্জন প্রমুখ। - বিজ্ঞপ্তি